# বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারি কর্মচারী সমিতি

## Bangladesh Class-III Govt. Employees Association

(একটি অরাজনৈতিক শ্রেণীভিত্তিক পেশাজীবী সংগঠন)

কেন্দ্রীয় নির্বাহী পরিষদ

অস্থায়ী কার্যালয় ঃ ১১৬/ক, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা।

e-mail : info@bgeac3.com web:wwwbgeac3.com

স্মারক নং ঃ বাতসকস/১০১ তারিখ ঃ ৬ জুন ২০১৪খ্রিঃ

### সভার কার্যবিবরণী

৬ জুন ২০১৪খ্রিঃ শুক্রবার বিকাল ৩.০০ ঘটিকায় বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারি কর্মচারী সমিতি কেন্দ্রীয় নির্বাহী পরিষদ নেতৃবৃন্দ, সম্মানিত উপদেষ্টামণ্ডলী, ঢাকা মহানগর কমিটির নেতৃবৃন্দ, ঢাকা মহানগর সাংগঠনিক, আঞ্চলিক কমিটির সভাপতি, সাধারণ সম্পাদকগণের সমন্বয়ে সমিতির এক যৌথসভা শাহবাগস্থ পাবলিক লাইব্রেরী নিচতলার সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন কেন্দ্রীয় নির্বাহী পরিষদের সভাপতি জনাব মোঃ মাহ্‌ফুজুর রহমান। সভায় আলোচ্য সূচী ছিল (১) ০২/০৫/২০১৪ইং তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন (২) লিগ্যাল এইড উপ-কমিটির প্রস্তাব/প্রতিবেদন আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ (৩) আসন্ন মাহে রমজানের ইফতার ও দোয়া মাহফিল, ১৫ নভেম্বর/১৪ সমিতির প্রতিষ্ঠা বার্ষিকী ও দ্বিবার্ষিক জাতীয় প্রতিনিধি সম্মেলন অনুষ্ঠানের তারিখ নির্ধারণ, সম্মেলন প্রস্তুতি কমিটি গঠন, অনুষ্ঠান সমূহের স্থান নির্ধারন ইত্যাদি ও (৪) অর্থ ও বিবিধ। সভায় পবিত্র কোরআন তেলাওয়াতের মাধ্যমে সভার কার্যক্রম শুরু করা হয়। সভার শুরুতে ২ মে ২০১৪ তারিখে সভার কার্যবিবরণী পাঠ করেন ঢাকা মহানগর কমিটির সাধারণ সম্পাদক ও যুগ্ম মহাসচিব, কেনিপ মোঃ রমিজ উদ্দিন মাঝি। সমিতির লিগ্যাল এইড উপ-কমিটি সদস্যসচিব জনাব তাপস কুমার সাহা উপ-কমিটির সদস্য সম্প্রসারণ ও তহবিল গঠন বিষয়ে লিখিত প্রতিবেদন উপস্থাপন করেন।

সভায় আলোচ্য সূচীভিত্তিক বক্তব্য রাখেন সর্বজনাব মোঃ আবদুস সামাদ, কারিগরী শিক্ষা অধিদপ্তর, মোঃ গোলাম মোস্তফা, মাউশী এবং কেন্দ্রীয় নির্বাহী পরিষদের নেতৃবৃন্দের মধ্যে মোঃ জালাল উদ্দিন সাংগঠনিক সচিব, মোঃ মফিজুল ইসলাম পিন্টু, মোঃ শফীকুল ইসলাম সহকারী মহাসচিব, মোঃ হারেছ, অর্থ সচিব, মোঃ ফরিদুর রহমান যুগ্ম মহাসচিব, মোঃ রমিজ উদ্দিন মাঝি, যুগ্ম মহাসচিব ও সাধারণ সম্পাদক, ঢামক, মোঃ জাকির হোসেন, মোঃ তাফাজ্জল হোসেন তারা, মোঃ নুরুন নবী, মোঃ ইব্রাহিম খলিল, বেগম নাজমা আক্তার সহ-সভাপতি, মোঃ আবদুল মান্নান হাজারভী সহ-সভাপতি ও সভাপতি ঢামক, মোঃ আবদুল কাদের, মোঃ রশীদউল্লাহ, কার্যকরী সভাপতি, কেনিপ, মোঃ হারুন উর রশীদ সম্মানিত উপদেষ্টা ও মোঃ লুৎফর রহমান, মহাসচিব প্রমুখ। সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্নে বর্ণিত সিদ্ধান্তাবলী গৃহীত হয়।

#### গৃহীত সিদ্ধান্ত সমূহ

০১। সভায় ০২/০৫/২০১৪ইং তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ ও সর্বসম্মতভাবে অনুমোদন করা হয়।

০২। সভায় বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারি কর্মচারী সমিতির লিগ্যাল এইড উপ-কমিটির প্রস্তাবিত সুপারিশের আলোকে ন্যূনতম ২০০০ (দুইহাজার) টাকা অনুদানকারী সমিতির গঠনতন্ত্রের অনুচ্ছেদ ৩(ক) এর বিধান মোতাবেক সদস্য পদ লাভের যোগ্য ব্যক্তিকে সমিতির আজীবন সদস্যপদ প্রদানের সিদ্ধান্ত গ্রহণ এবং নিম্নোক্ত সাংগঠনিক অঞ্চল সমূহের নেতৃবৃন্দকে লিগ্যাল এইড উপ-কমিটিতে সদস্য হিসাবে অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

| | | | | |
|---|---|---|---|---|
| (ক) | বেগম নাজমা আক্তার | ০১৭১২-১৭০২৯৯ | সহ-সভাপতি, কেনিপ | অঞ্চল-৩ ( রমনা) |
| (খ) | জনাব মোঃ নজরুল ইসলাম | ০১৭১৫-০৫০০৯৪ | অতিরিক্ত মহাসচিব, কেনিপ | অঞ্চল-৮ (মহাখালী) |
| (গ) | জনাব মোঃ মনিরুল ইসলাম | ০১৮১৯-১৫৮০২৩ | সাংগঠনিক সচিব, কেনিপ | অঞ্চল-নারায়নগঞ্জ জেলা |
| (ঘ) | জনাব মোঃ হুমায়ুন কবীর | ০১৯১২-৯২৬০৪৯ | জাতীয় কিডনি হাসপাতাল | অঞ্চল-৬ (মোহাঃপুর-শেরে বাংলানগর) |

০৩। সভায় লিগ্যাড এইড উপ-কমিটির প্রস্তাব ও সুপারিশের আলোকে ৩১ অক্টোবর ২০১৪ তারিখের মধ্যে ৫০০ (পাঁচশত) জন আজীবন সদস্য সংগ্রহের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয় এবং ৩০ জুন ২০১৪ তারিখের মধ্যে দপ্তরভিত্তিক সদস্য সংগ্রহের সম্ভাব্য তালিকা প্রস্তুত ও কর্মপরিকল্পনা গ্রহণ করে সদস্য সংগ্রহ কার্যক্রম শুরুর ব্যবস্থা গ্রহণ করার জন্য লিগ্যাড এইড উপ-কমিটিকে অনুরোধ জানানো হয়। দপ্তরভিত্তিক আজীবন সদস্য প্রদানের জন্য মহাসচিবের আহবানে স্ব স্ব দপ্তর হতে নির্দিষ্ট সংখ্যক আজীবন সদস্য সংগ্রহ বা সমপরিমান অর্থ প্রদানের ঘোষনা প্রদান করেন যথাক্রমে মোঃ রশীদউল্লাহ, কার্যকরী সভাপতি, কেনিপ (ডাক বিভাগ), ২০ জন সদস্য, মোঃ আবদুল কাদের, কার্যকরী সভাপতি, কেনিপ (শিক্ষা প্রকৌশল অধিদপ্তর) ২৫ জন সদস্য, মোঃ লুৎফর রহমান, মহাসচিব, কেনিপ (বিএসটিআই) ২০ জন সদস্য, মোঃ জাকির হোসেন, সভাপতি, কেনিপ (মাউসী) ২৪ জন সদস্য, তাপস কুমার সাহা, যুগ্ম মহাসচিব, কেনিপ (টিবি+ক্যান্সার হাসপাতাল) ১০+১০=২০ জন সদস্য, জনাব নুরুন নবী, সহ-সভাপতি, কেনিপ (সমুদ্র পরিবাহন অধিঃ) ১০ জন সদস্য, মোঃ শফীকুল ইসলাম, সহকারী মহাসচিব, কেনিপ (মহিলা বিষয়ক অধিদপ্তর) ১০ জন সদস্য এবং মোঃ মাহফুজুর রহমান, সভাপতি, কেনিপ (সড়ক ও জনপথ) ২৬ জন সদস্য। লিগ্যাল এইড কমিটির তহবিল গঠনে অগ্রনী ভূমিকা রাখায় সংশ্লিষ্ট নেতৃবৃন্দকে সভার পক্ষ হতে ধন্যবাদ জ্ঞাপন করা হয়।

০৪। সভায় ১১/০৭/২০১৪ তারিখে শুক্রবার বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারি কর্মচারী সমিতি, কেন্দ্রীয় নির্বাহী পরিষদের পক্ষ হতে পবিত্র মাহে রমজান উপলক্ষ্যে ইফতার ও মিলাদ মাহফিল অনুষ্ঠান আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত অনুষ্ঠানের সার্বিক ব্যবস্থাপনার জন্য নিম্নে বর্ণিত উপ-কমিটি গঠন কর হলো। অনুষ্ঠানের ভেনু হিসাবে জাতীয় শিক্ষাক্রম ও টেকস্টবুক বোর্ড কর্মচারী ইউনিয়ন অফিস নির্ধারন করা হয়। যথাসময়ে আমন্ত্রনপত্র বিতরনের জন্য উক্ত উপ-কমিটিকে অনুরোধ জানানো হয়।

| | | | | |
|---|---|---|---|---|
| ০১। | জনাব মোঃ নুরুন নবী | ০১৭১৫-০১৩১৪৩ | সহ-সভাপতি, কেনিপ | আহবায়ক |
| ০২। | জনাব মোঃ হারেছ | ০১৭১৮-৬৪৩৩৭৮ | অর্থ সচিব, কেনিপ | সদস্য |
| ০৩। | জনাব আবদুল ওয়াদুদ | ০১৯১৩-০০৪৭০০ | যুগ্ম মহাসচিব | সদস্য |
| ০৪। | জনাব জসিম উদ্দিন | ০১৯১৫-৪৭১৬৭৩ | সাংগঠনিক সচিব | সদস্য |
| ০৫। | জনাব মফিজুল ইসলাম পিন্টু | ০১৭১৪-২২০৩৭৭ | সহকারী মহাসচিব | সদস্য |
| ০৬। | জনাব মোঃ রফিকুল ইসলাম | ০১৭১২-২৬৩৯৪০ | সাংগঠনিক সচিব, কেনিপ | সদস্য |
| ০৭। | জনাব মোঃ খতিবুর রহমান | ০১৭১৬-০৩৬৪০৬ | সহ-সভাপতি, ঢামক | সদস্য |
| ০৮। | জনাব আবদুল আজিজ | ০১৫৫২-৩১১০৪৯ | যুগ্ম মহাসচিব, কেনিপ | সদস্য সচিব |

পবিত্র ইফতার মাহফিল অনুষ্ঠানের ব্যয় নির্বাহের জন্য সভাপতি, মহাসচিব ও কার্যকরী সভাপতিগণ ৫০০০ টাকা, সহ-সভাপতি, অতিরিক্ত মহাসচিবগণ ১০০০ টাকা, কেন্দ্রীয় নির্বাহী পরিষদ অন্যান্য নেতৃবৃন্দ ৫০০ টাকা এবং ঢাকা মহানগর কমিটির নেতৃবৃন্দসহ স্ব স্ব সাংগঠনিক অঞ্চল ২০০০ টাকা অনুদান প্রদানের অনুরোধ জানানো হয়।

০৫। সভায় জাতীয় ও চাকুরী কমিশন ২০১৩ কর্তৃক বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারি কর্মচারী সমিতির সাথে পেশকৃত প্রস্তাবের বিষয়ে আলোচনার আমন্ত্রন জানানো হলে আলোচনায় অংশ গ্রহণের জন্য ২০ জন প্রতিনিধির মধ্যে সভাপতি, মহাসচিব, কার্যকরী সভাপতি ২ জন, বেগম নাজমা আক্তার, সহ-সভাপতিসহ মহিলা নেত্রী ২ জন ঢাকা মহানগর সভাপতি, সাধারণ সম্পাদকগণকে সভা থেকে মনোনীত করা হয় এবং অবশিষ্ট নেতৃবৃন্দ মনোনয়নের জন্য সভাপতি ও মহাসচিবকে দায়িত্ব প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

০৬। সভায় ১৫ নভেম্বর ২০১৪ শনিবার সমিতির ১৫তম প্রতিষ্ঠা বার্ষিকী উপযাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়। প্রতিষ্ঠা বার্ষিকী অনুষ্ঠানে নেতৃবৃন্দের স্বস্ত্রীক/স্বপতিক আমন্ত্রন জানানোর সিদ্ধান্ত গৃহীত হয় এবং সমিতির দ্বিবার্ষিক জাতীয় প্রতিনিধি সম্মেলন ২০ জানুয়ারী ২০১৫ তারিখের মধ্যে যে কোন শুক্রবার অনুষ্ঠিতব্যের সিদ্ধান্ত গৃহীত হয়। উভয় ক্ষেত্রে ভেনু নির্ধারনের পর বিস্তারিত কর্মপরিকল্পনা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

০৭। সভায় বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারি কর্মচারী সমিতি ঢাকা মহানগর কমিটির প্রস্তাবে ইতিমধ্যে সমিতির সাথে সম্পৃক্ত যে সকল দপ্তর প্রতিষ্ঠানে স্ব স্ব প্রতিষ্ঠানের সমিতি সমূহের নির্বাচন অনুষ্ঠিত হয়েছে এবং ১০ জুলাই ২০১৪ এর মধ্যে নির্বাচন অনুষ্ঠিত হবে এই সকল নির্বাচিত নেতৃবৃন্দকে ১১ জুলাই ২০১৪ ইফতার মাহফিল অনুষ্ঠানে ঢাকা মহানগর কমিটির পক্ষ হতে আনুষ্ঠানিক ভাবে অভিনন্দন জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়। এই বিষয়ে ঢাকা মহানগর কমিটি সার্বিক ব্যবস্থাপনার আয়োজন করার জন্য অনুরোধ করা হলো।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকল নেতৃবৃন্দকে মূল্যবান সময় দিয়ে গৃহীত সিদ্ধান্ত গ্রহণে সহযোগিতা প্রদান করায় ধন্যবাদ জ্ঞাপন করাসহ সকলের সুস্বাস্থ্য ও পারিবারিক সুখ শান্তি কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৬/০৬/১৪

(মোঃ মাহফুজুর রহমান)
সভাপতি
০১৭১৫-৬৬৫৫৪৬

স্মারক নং ঃ বাতসসক/১০১(২০০) — তারিখ ঃ ৬.জুন ২০১৪খ্রিঃ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ -

০১। সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারি কর্মচারী সমিতি, বিভাগ/জেলা ..................................।
০২। জনাব .................................. বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারি কর্মচারী সমিতি, কেনিপ ..............................।
০৩। জনাব ..................................................................................................................................।

০৬/০৬/১৪

(মোঃ লুৎফর রহমান)
মহাসচিব
০১৯২২-১১৭৫০১